

থাইল্যান্ড ভ্রমণে সতর্কতা জারি মালয়েশিয়ার

- A Monitor Desk Report

Date: 12 March, 2025



কুয়ালালামপুর : থাইল্যান্ড ভ্রমণে সতর্কতা জারি করেছে মালয়েশিয়া।

সংবাদমাধ্যমের প্রতিবেদন থেকে জানা গেছে, কয়েকদিন আগে থাইল্যান্ড-মালয়েশিয়া সীমান্তবর্তী শহর সুংগাই কোলকের জেলা অফিসের বাইরে ১০ জনের বেশি হামলাকারী অতর্কিত গুলি চালায়। পাশাপাশি বিস্ফোরক নিক্ষেপ ও বোমা বিস্ফোরণ ঘটানো হয়। হামলায় অফিস পাহারায় থাকা দু'জন প্রতিরক্ষা স্বেচ্ছাসেবক নিহত হন এবং ১২ জন আহত হন। এদের মধ্যে চারজন বেসামরিক নাগরিকও রয়েছেন।

এর কয়েক ঘণ্টা পর পাতানি প্রদেশের সাইবুরি জেলায় রাস্তার পাশে পুঁতে রাখা আরেকটি বোমা বিস্ফোরণে আরও তিনজন নিহত হন। এদের মধ্যে দু'জন স্থানীয় গ্রাম সহকারী এবং একজন রেঞ্জার ছিলেন। ওই হামলায় আরও একজন আহত হয়েছেন বলে স্থানীয় পুলিশ জানিয়েছে।

থাইল্যান্ডের দক্ষিণাঞ্চল ঐতিহাসিকভাবে দেশটির বৌদ্ধ সংখ্যাগরিষ্ঠ অংশ থেকে সাংস্কৃতিকভাবে আলাদা। এক শতাব্দীরও বেশি সময় আগে থাইল্যান্ড ওই অঞ্চলকে নিয়ন্ত্রণে নেয়। বিদ্রোহের কারণে ওই এলাকা সবসময় নিরাপত্তার চাদরে ঢাকা থাকে।

থাইল্যান্ডের প্রধানমন্ত্রী পায়থংতান শিনাওয়াত্রা ওই হামলার পর রাতের নিরাপত্তা ব্যবস্থা আরও শক্তিশালী করার নির্দেশ দিয়েছেন। তিনি জানান, নিরাপত্তা বাহিনীর সংখ্যা বাড়ানো হবে এবং টহল ব্যবস্থা আরও কঠোর করা হবে।

থাইল্যান্ডে এই হামলার পর প্রতিবেশী দেশ মালয়েশিয়াও তাদের সীমান্ত নিরাপত্তা জোরদার করেছে। রবিবার দেশটির ইম্পেক্টর জেনারেল রাজাবুদিন হুসেইন জানিয়েছেন, মালয়েশিয়ার পুলিশ থাইল্যান্ডের নারাথিওয়াত প্রদেশের পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে এবং পরবর্তী নির্দেশ না আসা পর্যন্ত কড়া নিরাপত্তা ব্যবস্থা বহাল থাকবে।

মালয়েশিয়ার সীমান্তে মোতামেনকৃত বাহিনীকে সর্বোচ্চ সতর্ক থাকতে বলা হয়েছে এবং সীমান্তবর্তী অবৈধ পারাপারের স্থানগুলোতে বিশেষ নজরদারি বাড়ানো হয়েছে। নিরাপত্তা বাহিনীর স্ট্রাইক ফোর্স কোম্পানি ও গোয়েন্দা ইউনিটকে 'সংবেদনশীল এলাকাগুলোতে' বিশেষ টহল দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে মালয়েশিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয় আরও জানিয়েছে, থাইল্যান্ডের পাতানি, ইয়ালা ও নারাথিওয়াত প্রদেশে নিরাপত্তা পরিস্থিতির অবনতি হওয়ায় তারা পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। দেশটির নাগরিকদের অপ্রয়োজনীয় ভ্রমণ এড়ানোসহ ওই অঞ্চলে থাকা মালয়েশিয়ান নাগরিকদের সংশ্লিষ্ট কনসুলেটে উপস্থিত হয়ে নিবন্ধন করতে বলা হয়েছে। একইসঙ্গে নিরাপত্তার স্বার্থে সবাইকে সতর্ক থাকার আহ্বান জানানো হয়েছে।

-B